

রমজানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু সকাল সাড়ে ৭টায়

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: বৃহস্পতিবার, ২০ ফেব্রুয়ারী ২০২৫



রমজান উপলক্ষে ক্লাস ও অফিস সময়সূচিতে পরিবর্তন এনেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রশাসন। নতুন সময়সূচি অনুযায়ী, বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস সকাল ৭:৩০ থেকে দুপুর ২ টা পর্যন্ত চলবে।

বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন এই সিদ্ধান্তের কথা জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, রমজান মাসে বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও অফিস কার্যক্রম সকাল ৭:৩০ থেকে দুপুর ২ টা পর্যন্ত চলবে। এছাড়া, দুপুর ১:৪০ মিনিটে যোহরের নামাজের জন্য বিরতি থাকবে।

বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলকে এই সময়সূচি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছে প্রশাসন।

এবিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. রেজাউল করিম সংবাদকে বলেন, ‘দেখা যায় বিকালে অনেক সময় রাস্তায় ইফতারের সময় হয়ে যায়। সেজন্য আলি শুরু করে আলি শেষ করা যাতে সবাই সময়মতো বাসায় ফিরতে পারেন।’